# স্বাধীনতার সুখ

## -রজনীকান্ত সেন

23.05.2020

**৬। নীচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও :**

(ক) 'নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর খাসা'

-কার লেখা কোন কবিতার অংশ? কথাটি কে কাকে বলেছে? কেন বলেছে? কথাটির মাধ্যমে কবির কোন বক্তব্য প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখ ।

উ:- * উদ্ধৃতিটি কবি রজনীকান্ত সেনের লেখা 'স্বাধীনতার সুখ' কবিতার অংশ।

** কথাটি বাবুই পাখি চড়াই পাখিকে বলেছে।

*** কারণ বাবুই পাখি মনে করে অন্যের অট্টালিকায় মহাসুখে থাকার চেয়ে নিজে গাছের ডালে বাসা তৈরি করে স্বাধীনভাবে কষ্টের মধ্যে থাকা অনেক সুখের।

**** কথাটির মাধ্যমে কবি বলতে চেয়েছেন পরাধীন থেকে সুখভোগ করার চেয়ে নিজে স্বাধীনভাবে দুঃখকষ্টের মধ্যে থাকা অনেক ভালো। নিজের হাতে তৈরি কাঁচা ঘরে থাকার মধ্যে দিয়ে প্রকৃত স্বাধীনতার সুখ পাওয়া যাবে বলে কবি মত প্রকাশ করেছেন।

(খ) এই কবিতায় বাবুই ও চড়াই-এর কথা শুনে তোমার কাকে প্রকৃত সুখী বলে মনে হয়েছে? তোমার উত্তরের সমর্থনে যুক্তি দাও ।

উ:- বাবুই ও চড়াই-এর কথা শুনে বাবুই পাখিকে প্রকৃত সুখী বলে মনে হয়েছে।

<u>**উত্তরের সমর্থনে যুক্তি**</u> : বাবুই জানে অপরের দয়ায় সুখে থাকার চেয়ে নিজে স্বাধীনভাবে দুঃখ কষ্টের মধ্যেও থাকা অনেক ভালো। যারা পরাধীন তারা নিজের ইচ্ছা অনুসারে কিছুই করতে পারে না। চড়াইকে যে কোন সময়েই তাড়ানো যেতে পারে কিন্তু বাবুই ইচ্ছে করলে নিজের ইচ্ছামতো যে কোন গাছের ডালে বাসা বাঁধতে পারে। নিজের খুশিমতো সে জীবন কাটাতে পারে। তাই বাবুই পাখি প্রকৃত সুখী।

Scanned with CamScanner